শিক্ষা মন্ত্রণালয়
শাখা-৪

২৬/১/১৪০৯ বঃ

নং-শাঃ৪/১জি-৭/২০০০/১৩৫-শিক্ষা    তারিখঃ ---------------------

৯/৫/২০০২ খ্রিঃ

হাই স্কুলের M.P.O ভুক্তির অনুমোদন

প্রেরক : সৈয়দ জগলুল পাশা,
উপ-সচিব।

প্রাপক : পরিচালক,
বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
পলাশী-নীলক্ষেত, ঢাকা-১২০৫।

বিষয় : ২০০১-২০০২ অর্থ বছরে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক/কর্মচারীদের বেতন ভাতাদির সরকারি অংশ প্রদান প্রসংগে।

আদিষ্ট হয়ে উল্লিখিত বিষয়ে জানানো যাচ্ছে যে, এতদ্সংগে সংযুক্ত তালিকায় বর্ণিত নিম্নমাধ্যমিক বিদ্যালয়, মাধ্যমিক বিদ্যালয়, কলেজ এবং মাদ্রাসাসমূহের স্টাফিং প্যাটার্ণ মোতাবেক বিধি সম্মতভাবে নিয়োজিত শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারি অংশ নিম্নলিখিত শর্ত সাপেক্ষে প্রদান করতে সরকার সদয় সম্মতি জ্ঞাপন করেছেঃ-

শর্তাবলী :

(ক) প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের প্রত্যেক শিক্ষক-কর্মচারীদের স্ব-স্ব নামে ব্যাংকে হিসাব খুলতে হবে।

(খ) প্রচলিত স্টাফিং প্যাটার্ণ এর শর্ত পূরণ করতে হবে। কোন পদ শুন্য হলে/থাকলে অথবা নতুন নিয়োগের স্থলে মহিলা শিক্ষিকা নিয়োগ করতে হবে। এই অবস্থা মোট পদের ৩০% পূরণ না হওয়া পর্যন্ত চলতে থাকবে। তাছাড়া এক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়ের প্রমোট প্রকল্পের অধীনে প্রশিক্ষনপ্রাপ্ত শিক্ষিকাদের অগ্রাধিকার প্রদান করতে হবে।

(গ) ২০০১-২০০২ অর্থ বছরে এমপিওভূক্তির জন্য নির্বাচিত প্রতিষ্ঠানকে পরীক্ষামূলক ভিত্তিতে ১(এক) বছরের জন্য এম.পি.ও ভূক্ত করা হবে।

(ঘ) প্রতিষ্ঠানকে এক বৎসর সময়কালের মধ্যে পাবলিক পরীক্ষা/সংশ্লিষ্ট পরীক্ষা সমূহে ন্যূনতম ২০% শিক্ষার্থী পাশের হার নিশ্চিত করতে হবে। অন্যথায় সরকার সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের এমপিওভূক্তি স্থগিত রাখতে পারে।

(ঙ) ২৪শে অক্টোবর'৯৫ তারিখে জারীকৃত (পরবর্তীতে সংশোধিত যদি হয়ে থাকে) বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারি অংশ প্রদান ও জনবল কাঠামো সম্পর্কিত নীতিমালায় বর্ণিত শর্তসমূহ পূরণ করতে হবে। কোন প্রতিষ্ঠান এই শর্ত পূরণে ব্যর্থ হলে পরবর্তী অর্থ বছরে এমপিওভূক্তি বাতিল করা হবে।

(চ) ২০০১-২০০২ অর্থ বছরে এমপিওভূক্তির জন্য নির্বাচিত প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের এমপিও প্রণয়নের জন্য সংযুক্ত নির্দেশিকা(সংযুক্ত-১) অনুযায়ী কাগজপত্রের মূল কপি ব্যানবেইসে ২৩/০৫/২০০২ তারিখের মধ্যে অবশ্যই পৌঁছাতে হবে। অন্যথায় এমপিওভূক্তির প্রদত্ত আদেশ বাতিল বলে গন্য হবে।

২। যথাযথ স্বীকৃতি না থাকলে এমপিওভূক্তির আদেশ বাতিল বলে গণ্য হবে।

~~৩। ২০০১-২০০২ অর্থ বছরে এমপিওভূক্তির জন্য~~ নির্বাচিত প্রতিষ্ঠানসমূহের এমপিওভূক্তির জন্য সরকারী আদেশ ০১/০৫/২০০২ থেকে কার্যকর হবে।

৪। উল্লিখিত প্রতিষ্ঠানসমূহের ব্যয় ২০০১-২০০২ অর্থ বছরের "৩-২৫৪০-০০১৩-নতুন স্বীকৃতিপ্রাপ্ত বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান-৫৯৩১ বেসরকারি শিক্ষকদের বেতন সহায়তা" খাত থেকে মিটানো হবে।

স্বাঃ/-
(সৈয়দ জগলুল পাশা)
উপ-সচিব
ফোন : ৮৬১৫০২৩

21-04-99

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়

প্রতিষ্ঠানের M.P.O ভুক্তির অনুমোদন কপি

নং-শাঃ ৪/১জি-৫/৯৮/৬৭-শিক্ষা,

তারিখ ঃ ১৫/৪/১৯৯৯ইং
০২/০১/১৪০৬বাং

প্রেরক ঃ মোঃ গিয়াস উদ্দিন আহমেদ
সিনিয়র সহকারী সচিব (অনুদান)

পরিচালক
বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
পলাশী-নীলক্ষেত, ঢাকা-১২০৫।

বিষয় ঃ ১৯৯৮-৯৯ অর্থ বছরে বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক/কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারী অংশ প্রদান প্রসংগে।

আদিষ্ট হয়ে উল্লিখিত বিষয়ে জানানো যাচ্ছে যে, এতদসংগে সংযুক্ত তালিকায় বর্ণিত, যথাযথ স্বীকৃতিপ্রাপ্ত সাপেক্ষে নিম্নমাধ্যমিক বিদ্যালয় (পরিশিষ্ট 'ক'), মাধ্যমিক বিদ্যালয় (পরিশিষ্ট 'খ'), কলেজ (পরিশিষ্ট 'গ') এবং মাদ্রাসাসমূহের (পরিশিষ্ট 'ঘ') ষ্টাফিং প্যাটার্ণ মোতাবেক বিধি সম্মতভাবে নিয়োজিত শিক্ষক/কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারী অংশ নিম্নলিখিত শর্ত সাপেক্ষে প্রদান করতে সরকার সদয় সম্মতি জ্ঞাপন করেছেনঃ-

(ক) প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের প্রত্যেক শিক্ষক/কর্মচারীদের স্ব-স্ব নামে ব্যাংকে হিসাব খুলতে হবে।

(খ) যে সকল প্রতিষ্ঠান প্রচলিত ষ্টাফিং প্যাটার্ণ এর শর্ত পূরণ করেন না কিংবা কোন পদ শুন্য হলে/থাকলে অথবা নতুন নিয়োগের স্থলে মহিলা শিক্ষিকা নিয়োগ করতে হবে। এই অবস্থা মোট পদের ৩০% পূরণ না হওয়া পর্যন্ত এই প্রক্রিয়া চলতে থাকবে।

(গ) ১৯৯৮-৯৯ অর্থ বছরে এম.পি.ও ভূক্তির জন্য নির্বাচিত প্রতিষ্ঠানকে পরীক্ষামূলক ভিত্তিতে ১ বছরের জন্য এম.পি.ও ভূক্ত করা হবে।

(ঘ) ২৪শে অক্টোবর'৯৫ তে জারীকৃত (পরবর্তীতে সংশোধিত -যদি হয়ে থাকে) বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারী অংশ প্রদান ও জনবল কাঠামো সম্পর্কিত নীতিমালায় বর্ণিত শর্তসমূহ পূরণ করতে হবে। যেসকল প্রতিষ্ঠান এই শর্ত পূরণে ব্যর্থ হলে পরবর্তী অর্থ বছরে এম.পি.ও ভূক্তি বাতিল করা হবে।

(ঙ) ১৯৯৮-৯৯ অর্থ বছরে এম.পি.ও ভূক্তির জন্য নির্বাচিত প্রতিষ্ঠানসমূহের শিক্ষক/কর্মচারীদের প্রয়োজনীয় তথ্য যথা- ব্যানবেইস ফরম, সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের শিক্ষক/কর্মচারীদের শিক্ষাগত সনদপত্র, ২ কপি ছবি, নিয়োগপত্র, অঙ্গীকার পত্র, স্ব-স্ব ব্যাংক একাউন্ট এর মূল কপি ব্যানবেইসে এবং অনুলিপি, মহা-পরিচালক, মাউশিকে প্রদান করতে হবে।

(চ) ১৯৯৮-৯৯ অর্থ বছরে এম.পি.ও ভূক্তির জন্য নির্বাচিত প্রতিষ্ঠানসমূহের এম.পি.ও ভূক্তির সরকারী আদেশ ১/৪/৯৯ইং থেকে কার্যকর হবে।

(ছ) উল্লেখিত প্রতিষ্ঠানসমূহের ব্যয় ১৯৯৮-৯৯ অর্থ বছরের ০০১৩-৫৯৩১ বেসরকারী শিক্ষকদের বেতন সহায়তা খাত থেকে মিটানো হবে।

১৫/৪/৯৯

মোঃ গিয়াস উদ্দিন আহমেদ
সিনিয়র সহকারী সচিব

নং-শাঃ ৪/১জি-৫/৯৮/৬৭-শিক্ষা,

তারিখ ঃ ১৫/৪/১৯৯৯ইং
০২/০১/১৪০৬বাং

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হল ঃ-

১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।